



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2021-22

BNGACOR11T-BENGALI (CC11)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে **একটি** করে মোট **চারটি** প্রশ্নের (অনধিক ৩০০ শব্দে) উত্তর দাওঃ ১০×৪= ৪০

একক - ১

(ক) “রাজসিংহ উপন্যাসের নায়ক, স্বয়ং রাজসিংহ।” – মন্তব্যটি কতদূর যথার্থ উপযুক্ত বিশ্লেষণসহ আলোচনা করো। ১০

অথবা

(খ) ‘রাজসিংহ’ উপন্যাসের গঠন-সৌন্দর্য বিশ্লেষণ করে উপন্যাসটির অনন্যসাধারণ বৈশিষ্ট্যসমূহ আলোচনা করো। ১০

একক - ২

(গ) ‘পথের দাবী’ উপন্যাসটির নামকরণের মধ্যেই উপন্যাসিকের স্বদেশ ভাবনার যে উদ্ভাস লক্ষ্য করা যায়, তার স্বরূপ বিশ্লেষণ করো। ১০

অথবা

(ঘ) ‘স্বদেশের সেবা ও মুক্তির জন্য উৎসর্গীকৃত প্রাণ এক দেশপ্রেমিকের মধ্যে যে সততা, আত্মত্যাগ ও মহৎবৃত্তির প্রকাশ প্রত্যাশিত, সব্যসাচী চরিত্রটির মধ্যে তা সুন্দরভাবে প্রকাশিত হয়েছে।’ – এই অভিমতটি বিচার করো। ১০

একক - ৩

(ঙ) ‘গণদেবতা’ উপন্যাসের শ্রীহরি ঘোষ (ছিরু পাল) চরিত্রটি বিশ্লেষণ করে তাকে প্রথাগত খলচরিত্র বলা সঙ্গত কিনা বুঝিয়ে দাও। ১০

অথবা

(চ) ‘গণদেবতা’ উপন্যাসে তারাক্ষরের বাস্তবদৃষ্টি ও সমাজ পর্যবেক্ষণের যে গভীরতা লক্ষ্য করা যায় তা উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও। ১০

একক - ৪

(ছ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের হোসেন মিয়া চরিত্রটি সবচেয়ে জটিল ও রহস্যময়। – মন্তব্যটি বিশ্লেষণ প্রসঙ্গে উপন্যাসে চরিত্রটির ভূমিকা কতদূর সার্থক ও সঙ্গত তা’ ব্যাখ্যা করো। ১০

অথবা

(জ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের ঘটনাপ্রবাহ ও চরিত্রসৃষ্টি পদ্মানদীর দ্বারা কতখানি প্রভাবিত হয়েছে তা আলোচনা করে দেখাও। ১০

বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২=১০

(ক) “আর একবার তাকে আমার দেখিতে ইচ্ছা আছে। একবার জিজ্ঞাসা করিবার ইচ্ছা আছে যে, জগতে ধর্মাধর্মের তাহার কিছু বিশ্বাস আছে কি না ?” – কে, কাকে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে ? বক্তার অভিপ্রায়টি ব্যক্ত করো। ১+১+১+২

(খ) ‘নারীকে দিয়াই যদি কোন সমিতি পরিচালনা করিতে হয়, এই ত সেই বটে’। – কার সম্পর্কে এই উক্তি ? বক্তা কে ? প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এরূপ সিদ্ধান্ত গ্রহণের কারণ ব্যাখ্যা করো। ১+১+১+২

(গ) “দেবনাথ বলিল – অন্যায়া। অনিরুদ্ধ ও গিরিশের এ মহা অন্যায়া।” – কোন্ অন্যায়ে কথা বলা হয়েছে ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ২+৩

(ঘ) “হ, কপিলা চলুক সঙ্গে।” – বক্তা কে ? বক্তার এরূপ মন্তব্যের কারণ নির্দেশ করো। ৫

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—